গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কোম্পানীগঞ্জ, সিলেট।
(www.companiganj.sylhet.gov.bd)

স্মারক নং - ৪১.০১.৯১২৭.০০০.৪০.০০১.২৪-  তারিখঃ ২৫ মার্চ ২০২৪ খ্রিঃ

বিষয়: সর্বজনীন পেনশন স্কিম এর কর্মপরিকল্পনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলায় সর্বজনীন পেনশন স্কিম বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কর্মপরিকল্পনা নিম্নরুপ:

১। অবহিতকরণ ও উদ্বুদ্ধকরণ কার্যক্রম:

| ক্রম | কাযক্রম | সময়কাল | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভার আলোচনায় অন্তর্ভূক্তিকরণ এবং উপস্থিত সকল সরকারি দপ্তরের দপ্তর প্রধান ও জনপ্রতিনিধিগণকে তা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের নির্দেশনা প্রদান। | ৩০ দিন | উপজেলা প্রশাসন, কোম্পানীগঞ্জ, সিলেট | ০১ টি সভা |
| ২ | শুক্রবার প্রতিটি মসজিদে জুম্মার নামাজের পূর্বে খুতবায় সর্বজনীন পেনশন স্কিমের বিষয়ে সাধারণ জনগণকে অবহিতকরণ ও উদ্বুদ্ধকরণ এবং পেনশন স্কিম গ্রহণে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান। | ৩০ দিন | সুপার, ইসলামিক ফাউন্ডেশন, কোম্পানীগঞ্জ/ইমাম (সকল), উপজেলাধীন সকল মসজিদ | ০৪ টি খুতবা |
| ৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় ও উপজেলা তথ্য কেন্দ্র (তথ্য আপা), কোম্পানীগঞ্জ কর্তৃক প্রতি মাসের উঠান বৈঠকে এ বিষয়ে সকল মহিলাদের অবহিতকরণ ও পেনশন স্কিম গ্রহণে উদ্বুদ্ধকরণ। | ৬০ দিন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও উপজেলা তথ্যসেবা কর্মর্কুর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট | ০৬ টি সভা |
| ৪ | সর্বজনীন পেনশন স্কিম বাস্তবায়নের লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন কমিটি গঠন ও প্রতি ইউনিয়নে ইউপি সচিব, হিসাব সহকারী ও উদ্যোক্তাদের সমন্বয়ে সর্বজনীন পেনশন স্কিম বাস্তবায়নের লক্ষ্যে আলাদা হেল্পডেস্ক স্থাপন। | ৯০ দিন | চেয়ারম্যান, ইউপি সচিব, হিসাব সহকারী ও উদ্যোক্তা (সকল ইউনিয়ন) | ৬ টি হেল্পডেস্ক |
| ৫ | প্রাথমিকভাবে কোম্পানীগঞ্জ উপজেলার সকল এমপিও ও নন এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক এবং কর্মচারীদের শতভাগ পেনশন স্কিমের আওতায় নিয়ে আসার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসারকে সাথে নিয়ে প্রতি মাসে অন্তত ৫ (পাঁচ)টি শিক্ষা প্রতিষ্ঠানে উদ্বুদ্ধকরণ/সচেতনতা বৃদ্ধিকরণ। | ৯০ দিন | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা শিক্ষা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট | ৬০০ জন |
| ৬ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোম্পানীগঞ্জ, সিলেট এ সর্বজনীন পেনশন স্কিম গ্রহণে আগত সেবাপ্রত্যাশীদের উদ্বুদ্ধকরণ এবং পেনশন স্কিম গ্রহণে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য জনাব হরলাল সরকার, প্রশাসনিক কর্মকর্তাকে দায়িত্ব প্রদান। | ৩০ দিন | প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোম্পানীগঞ্জ, সিলেট | আলাদা হেল্পডেস্ক স্থাপন |
| ৭ | উপজেলা বাস্তবায়ন ও সমন্বয় কমিটি গঠনপূর্বক প্রতি মাসে অগ্রগতি নিয়ে আলোচনা করা। | ৩০ দিন | উপজেলা প্রশাসন, কোম্পানীগঞ্জ, সিলেট। | ১টি |
| ৮ | কৃষক, সমবায় সমিতি, মৎস্যজীবী সমিতি, যুব সংগঠন, বেকার যুবকদের পেনশন স্কিমের আওতায় নিয়ে আসার জন্য প্রতি মাসে উপজেলা পরিষদের মাসিক সভায় সংশ্লিষ্ট অফিসারদের টার্গেট নির্ধারণ করে দেওয়া। | ৬০ দিন | উপজেলা কৃষি অফিসার, উপজেলা যুব উন্নয়ন অফিসার, উপজেলা মৎস্য অফিসার ও উপজেলা সমবায় অফিসার | প্রতি সংগঠন ১০ জন করে |
| ৯ | সমগ্র উপজেলায় মাইকযোগে, সোশ্যাল মিডিয়া, সকল অফিসের ওয়েবসাইট এবং স্থানীয় সাংবাদিকদের এ বিষয়ে প্রচার প্রচারণার জন্য যাবতীয় উদ্যোগ গ্রহণ। | ৯০ দিন | সহকারী প্রোগ্রামার, সাংবাদিকবৃন্দ (সকল) | ৫০০০ জন |
| ১০ | সর্বজনীন পেনশন স্কিম বাস্তবায়নে প্রয়োজনীয় সংখ্যক লিফলেট ছাপানো এবং তা জনসাধারণের মাঝে বিতরণ। | ৩০ দিন | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট | ১০০০ জন |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | সর্বজনীন পেনশন স্কিম বাস্তবায়নে ইউপি চেয়ারম্যান, ইউপি সচিব ও সদস্যদের পরিবার থেকে পেনশন স্কিম গ্রহণ শুরু করে জনগণকে পেনশন স্কিমের আওতায় নিয়ে আসার জন্য টার্গেট নির্ধারণ করে দেওয়া। | ৯০ দিন | সকল ইউপি চেয়ারম্যান ও সকল ইউপি সদস্য | ৪০০ জন |
| ১২ | ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের সর্বজনীন পেনশন স্কিম বিষয়ে প্রশিক্ষণ প্রদান করে প্রতিটি ইউনিয়নে রেজিস্ট্রেশন বুথ স্থাপন করা। | ৩০ দিন | উপজেলা প্রশাসন ও উদ্যোক্তা (সকল), ইউনিয়ন ডিজিটাল সেন্টার | ৬ টি |
| ১৩ | উপজেলাধীন সকল কমিউনিটি ক্লিনিকসমূহে আগত সেবাপ্রার্থীদের পেনশন স্কিমের বিষয়ে অবহিতকরণসহ রেজিস্ট্রেশনের জন্য উৎসাহিত করা। | ৯০ দিন | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট | ১৮০০ জন |
| ১৪ | উপজেলাধীন সকল ব্যাংকে আলাদা বুথ স্থাপন করে পেনশন স্কিম গ্রহণের উদ্যোগ গ্রহণ করা। | ৯০ দিন | ম্যানেজার (সকল), উপজেলাধীন সকল ব্যাংক | ১০ টি |
| ১৫ | সকল এনজিও ও বেসরকারি প্রতিষ্ঠানের সমন্বয়ে জনগণকে উদ্বুদ্ধকরণসহ পেনশন স্কিমের আওতায় নিয়ে আসার জন্য কাজ করা। | ৩০ দিন | সমন্বয়ক, উপজেলাধীন সকল এনজিও সংস্থা | ১২০০ জন |
| ১৬ | সর্বোপরি বর্ণিত কর্মপরিকল্পনা সংশোধন, পরিমার্জন, মনিটরিং এবং সময়ে সময়ে কর্তৃপক্ষের নির্দেশনার আলোকে কোম্পানীগঞ্জ উপজেলায় সর্বজনীন পেনশন স্কিমের সফল বাস্তবায়ন করা। | -- | উপজেলা প্রশাসন, কোম্পানীগঞ্জ, সিলেট। | --- |
| ১৭ | প্রত্যেক দপ্তরের আগত সেবাপ্রার্থীদের সচেতন করা। | ৩০ দিন | সকল দপ্তর | ৯০০০জন |

২। প্রশিক্ষণ কার্যক্রম:

মাঠ পর্যায়ে সর্বজনীন পেনশন স্কিম সফল করার উদ্দেশ্যে নিম্নোক্ত কর্মকর্তা/কর্মচারীকে মাস্টার ট্রেইনার হিসেবে প্রশিক্ষিত করা হবে। উক্ত মাস্টার ট্রেইনারগণ স্ব-স্ব এলাকার অন্যান্য কর্মকর্তাগণকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সর্ব্বোচ্চ সংখ্যক সেবাগ্রহীতাকে সর্বজনীন পেনশন স্কিম এর আওতায় আনবেন।

১। দপ্তর প্রধান (সকল)
২। ব্যাংক ব্যবস্থাপক
৩। উপ-সহকারী কৃষি কর্মকর্তা
৪। ইউনিয়ন পরিষদ সচিব
৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা
৬। উদ্যোক্তা

৩। মনিটরিং কাযক্রম:

ক) প্রতিটি ইউনিয়নের জন্য উপজেলা পর্যায়ের ১ জন কর্মকর্তাকে “মনিটরিং অফিসার” হিসেবে দায়িত্ব প্রদান করা হবে।
খ) কমিটির প্রত্যেক সদস্যের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হবে এবং বাৎসরিক সর্ব্বোচ্চ লক্ষ্যমাত্রা অর্জনকারীকে পুরস্কৃত করা হবে।
গ) ডিজিটাল প্লাটফর্মের মাধ্যমে সাপ্তাহিক অগ্রগতি প্রতিবেদন যাচাই করা হবে।

৪। স্কিম ভিত্তিক ডেডিকেটেড টিম:

| ক্রমিক নম্বর | স্কিমের নাম | কর্মকর্তাগণ |
|---|---|---|
| ০১ | সুরক্ষা স্কিম | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ |
| | | উপজেলা কৃষি কর্মকর্তা, কোম্পানীগঞ্জ |
| | | উপজেলা মৎস্য কর্মকর্তা, কোম্পানীগঞ্জ |
| | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ |
| ০২ | সমতা স্কিম | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ |

CamScanner

| | | |
|---|---|---|
| | | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ |
| | | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কোম্পানীগঞ্জ |
| | | উপজেলা তথ্যআপা, কোম্পানিগঞ্জ |
| ০৩ | প্রবাস স্কিম | জনপ্রতিনিধি (সকল), কোম্পানীগঞ্জ, সিলেট |
| | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ |
| | | ব্যাংক ব্যবস্থাপক (সকল), কোম্পানীগঞ্জ |
| | | ইউপি সচিব (সকল), কোম্পানীগঞ্জ |
| | | উদ্যোক্তা , সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার, কোম্পানীগঞ্জ |
| | | এনজিও প্রতিনিধি (সকল), কোম্পানীগঞ্জ |

২৫|৩|২৪
(সুনজিত কুমার চন্দ)
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, সিলেট

জেলা প্রশাসক
সিলেট

অনুলিপি: (সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়
১। উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৪। সহকারী কমিশনার (ভূমি), কোম্পানীগঞ্জ, সিলেট।
৫। অফিসার ইনচার্জ, কোম্পানিগঞ্জ থানা, সিলেট।
৬। উপজেলা----------------------------কর্মর্কর্তা (সকল), কোম্পানীগঞ্জ, সিলেট।
৭। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, সকল প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক কলেজ ও মাদ্রাসা।
৮। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৯। ইউপি সচিব, সকল ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
১০। উদ্যোক্তা, সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার, কোম্পানিগঞ্জ, সিলেট।
১১। অফিস কপি।

২৫|৩|২৪
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, সিলেট

CamScanner